# বিআইডব্লিউটিসি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)
ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০
website : www.biwtc.gov.bd

**নিরাপদ নৌ চলাচল ও উন্নত যাত্রীসেবা প্রদানে বিআইডব্লিউটিসি অংগীকারাবদ্ধ।**

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-২২/২০২০

স্মারক নং-১৮.১৫১.০১১.০৩.০১.১৩০.২০২১-৯৬ তারিখ : ২৪/০১/২০২১ খ্রি.

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) নিম্নবর্ণিত শূন্য পদে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম অনুযায়ী লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | ১৯/০১/২০২১ তারিখে বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | প্রোগ্রামার<br>বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০ | ২৫ হতে ৩০ বছর | ০১ (এক)টি | (ক) পদার্থ/ফলিত পদার্থ/গণিত/পরিসংখ্যান/বাণিজ্য/অর্থনীতি/সমাজবিদ্যা/ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং), (খ) সরকার অনুমোদিত স্বনামধন্য কম্পিউটার সোসাইটির সদস্য, (গ) সহকারী প্রোগ্রামার হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের অভিজ্ঞতা অথবা ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং এ মাস্টার ডিগ্রী। |
| ২। | নিরীক্ষা অফিসার<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০ | ২৫ হতে ৩০ বছর | ০১ (এক)টি | নিরীক্ষা বা হিসাব রক্ষণে জুনিয়র অফিসার হিসেবে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্য বা ব্যবসায় প্রশাসনে মাস্টার ডিগ্রী অথবা কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ৩। | হিসাব রক্ষণ অফিসার<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০ | ২৫ হতে ৩০ বছর | ০১ (এক)টি | হিসাব রক্ষণে জুনিয়র অফিসার হিসাবে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্য বা ব্যবসায় প্রশাসনে মাস্টার ডিগ্রী অথবা কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ৪। | বাজেট/অর্থ অফিসার<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০ | ২৫ হতে ৩০ বছর | ০১ (এক)টি | অর্থ সংক্রান্ত বিষয়ে অথবা হিসাব রক্ষণে জুনিয়র অফিসার হিসেবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন বাণিজ্য, ব্যবসায় প্রশাসন অথবা অর্থনীতিতে মাস্টার ডিগ্রী অথবা কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ৫। | কনিষ্ঠ নৌ অফিসার<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০ | ২৫ হতে ৩০ বছর | ০২ (দুই)টি | কোন সমুদ্রগামী জাহাজে ডেক অফিসার হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ বিজ্ঞান গ্রুপে এইচএসসি অথবা ইনচার্জ মাস্টার হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাস্টার সার্টিফিকেট অথবা বাংলাদেশ নৌবাহিনীর সী ম্যান ব্রাঞ্চের অবসরপ্রাপ্ত চিফ পেটি অফিসার। |
| ৬। | সহকারী পরিযান অফিসার<br>বেতন স্কেল : ১২৫০০-৩০২৩০ | সর্বোচ্চ ৩০ বছর | ০৯ (নয়)টি | কোন বৃহৎ পরিবহন প্রতিষ্ঠানে যাত্রী ও মালামাল পরিবহনে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন জুনিয়র কমিশন্ড অফিসার বা ওয়ারেন্ট অফিসার বা সমপদমর্যাদাসম্পন্ন প্রাক্তন সামরিক অফিসার। |

প্রার্থীদেরকে নিম্নবর্ণিত তথ্যসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার গত ২৯ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখের স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল ফরম অনুযায়ী "চিফ পার্সোনেল ম্যানেজার ও কমিটির সদস্য-সচিব, বিআইডব্লিউটিসি, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০' বরাবরে আবেদন করতে হবে–যা বিআইডব্লিউটিসি'র ওয়েবসাইট www.biwtc.gov.bd এ পাওয়া যাবে।

**শর্তাবলী :**

(ক) প্রার্থীদেরকে অবশ্যই ডাক্তারের সনদ অনুযায়ী সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং আবেদনপত্র সম্পূর্ণ বাংলায় লিখতে হবে। বর্ণিত পদের জন্য বিআইডব্লিউটিসি'র অনুকূলে ক্রমিক নং-১ হতে ৫ এ বর্ণিত পদের প্রার্থীদের ৫০০/- টাকা এবং ক্রমিক নং-৬ এ বর্ণিত পদের প্রার্থীদের ৩০০/- টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ (পোস্টাল অর্ডার অবশ্যই ৫০/- বা ১০০/- টাকা মূল্যমানের হতে হবে) আবেদনপত্র আগামী ২২/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

(খ) খামের উপর পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। স্বাক্ষরবিহীন ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(গ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৫ (পাঁচ) কপি (ফ্রন্ট ভিউ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার এবং ১০ (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট যুক্ত প্রার্থীর ঠিকানা সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় আবেদনের ঘোষণা মোতাবেক জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি আনতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে স্থায়ীভাবে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা সনদপত্রের অনুলিপি ও ভারতীয় তালিকা/মুক্তিবার্তা/গেজেটের সংশ্লিষ্টাংশের ফটোকপি এবং মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের সর্বশেষ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/উপযুক্ত সনদসহ পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

(চ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ছ) বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি এবং বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(জ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(ঝ) যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখে।

বিআইডব্লিউটিসি/জস/৪৩/২০২০-২১

২৪.০১.০২১

**মানসুরা আহ্‌মেদ**
চিফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি
ও
কমিটির সদস্য-সচিব

পিএফ-২৬৭-১৪২/২১ (৯"×৪)